দৈনিক
ইত্তেফাক

তারিখ ... JUN 23 2006 ...
পৃষ্ঠা 2 কলাম ... 4 ...

সংসদে শিক্ষামন্ত্রী ও প্রতিমন্ত্রী

# এ বছর কোন স্কুল এমপিওভুক্ত হচ্ছে না শিক্ষকদের বেতন বৃদ্ধির পরিকল্পনা নেই

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

চলতি অর্থ বছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার সুযোগ নেই। আগামী অর্থ বছরে এমপিওভুক্তির কার্যক্রম শুরু হলে ২০০৫-২০০৬ অর্থ বছরে আবেদনকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নীতিমালার আলোকে এমপিওভুক্তির জন্য বিবেচনা করা হবে। গতকাল বৃহস্পতিবার জাতীয় সংসদে

(২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এ বছর কোন স্কুল

(প্রথম পৃঃ পর)

ড. ওসমান ফারুক এ তথ্য জানান। অধ্যাপক ডাঃ এম এ মান্নানের প্রশ্নোত্তরে শিক্ষামন্ত্রী বলেন, একজন ছাত্রের মাষ্টার্স ডিগ্রী পাস করতে সরকারি বিশ্ববিদ্যালয়ে ৯০ হাজার টাকা খরচ হয়। একজন ছাত্রের জন্য সরকারের খরচ হয় ১ লাখ ৬০ হাজার টাকা। অর্থাৎ একজন ছাত্রের পিছনে সর্বমোট খরচ হয় আড়াই লাখ টাকা। পক্ষান্তরে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে একজন ছাত্রের খরচ হয় আনুমানিক ২ লাখ থেকে ৭ লাখ টাকা। হাফিজ উদ্দীন আহমদের প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী আ,ন,ম এহসানুল হক বলেন, দেশে রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৯ হাজার ৬৮২টি। এই বিদ্যালয়গুলোকে সরকারিকরণের কোন পরিকল্পনা সরকারের নেই। দেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৭ হাজার ৬৭২টি।

মোঃ ফারুক খানের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, সবগুলো বেসরকারি বিশ্ববিদ্যালয় মানসম্মত নয়। মাত্র ৯টি বিশ্ববিদ্যালয়ের মান সন্তোষজনক। এগুলো হচ্ছে: নর্থ সাউথ ইউনিভার্সিটি, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, ইসলামী ইউনিভার্সিটি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি, ব্র্যাক ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ, স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি এবং ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

এম,এ হাসেমের প্রশ্নের জবাবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী মির্জা আব্বাস বলেন, দেশের অধিকাংশ জেলা শহরে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক আবাসিক প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং এতে সরকারি কর্মচারীদের আবাসনের সুযোগ রয়েছে। গোলাম সিরাজের প্রশ্নোত্তরে শিক্ষা প্রতিমন্ত্রী জানান, চলতি অর্থ বছরে বগুড়া জেলায় কোন বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রেজিস্ট্রেশনভুক্ত হয়নি।

গোলাম মোহাম্মদ কাদের-এর প্রশ্নোত্তরে গণপূর্ত মন্ত্রী বলেন, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর ঢাকা শহরে ৭৮টি পরিত্যক্ত বাড়ি বিক্রি করা হয়েছে। এর মধ্যে ১৭টি বাড়ি টেন্ডারের মাধ্যমে সর্বোচ্চ দরদাতার কাছে বিক্রি করা হয়েছে এবং ৬১টি বাড়ি ডিএন বরাদ্দপ্রাপক প্রতিষ্ঠানের কাছে সরকারি নীতিমালা অনুযায়ী বিক্রি করা হয়েছে। মোঃ মসিউর রহমান রাঙ্গার প্রশ্নের জবাবে সমাজকল্যাণ মন্ত্রী আলী আহসান মোহাম্মদ মুজাহিদ বলেন, গত অর্থ বছরে দেড় হাজার এতিমকে (শিশু) সরকারিভাবে পুনর্বাসন করা হয়েছে। আবদুস সুবহানের প্রশ্নের উত্তরে সমাজকল্যাণ মন্ত্রী বলেন, দেশে বর্তমানে সরকারি শিশু সদনের সংখ্যা ৮৫টি। মোহাম্মদ নূর মোহাম্মদ মন্ডলের প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, শিক্ষকদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা আপতত সরকারের নেই।